অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্বাস্থ্যসেবা খাতের কর্মীদের প্রস্তুত করতে, শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা পূরণ করতে SUNY কমিউনিটি কলেজগুলোর জন্য তহবিল নিশ্চিতের ঘোষণা দিয়েছেন

নির্বাহী স্টেটীয় বাজেটে 8 মিলিয়ন মার্কিন ডলারের অপারেটিং বৃদ্ধি যা নয় বছরের মধ্যে এই প্রথম

SUNY চ্যান্সেলর কিং ক্রুম এবং বিংহ্যামটন লিডার, শিক্ষার্থী, ফ্যাকাল্টি, নির্বাচিত কর্মকর্তা এবং ব্যবসায়িক অংশীদারদের সাথে উল্লেখযোগ্য বিনিয়োগের বিষয়ে আলোচনা করতে যোগদান করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট এবং SUNY সিস্টেমের স্বাস্থ্যসেবা এবং মানসিক স্বাস্থ্য খাতের লক্ষ্য অর্জন প্রক্রিয়াকে এগিয়ে নিতে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এর 30টি কমিউনিটি কলেজের জন্য পুনরাবৃত্তমূলক বার্ষিক তহবিল — প্রায় এক দশকের মধ্যে এই প্রথম বৃদ্ধি — 8 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন। আগামী 5 বছরে স্টেটের স্বাস্থ্যসেবা খাতের কর্মশক্তি 20 শতাংশ বৃদ্ধি করার গভর্নরের লক্ষ্যকে সমর্থন করে স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট শিক্ষামূলক প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ বাড়ানো এবং সম্পন্ন করার জন্য কমিউনিটি কলেজগুলোর বিনিয়োগকে সহায়তা করতে 5 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করা হবে। অবশিষ্ট 3 মিলিয়ন মার্কিন ডলার ক্যাম্পাসের ধারাবাহিকভাবে কোনো গুরুত্বপূর্ণ চাহিদা পূরণে SUNY শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারিত করতে ব্যবহার করা হবে।

"আমাদের স্টেট জুড়ে উচ্চ চাহিদাসম্পন্ন কর্মসংস্থানগুলোতে সফল হওয়ার জন্য আমাদের শিক্ষার্থীদের চাহিদা মেটাতে কমিউনিটি কলেজগুলোতে করা এই বিনিয়োগ দেশের সর্বোত্তম পাবলিক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে আরেকটি বড় পদক্ষেপ," **গভর্নর হোকল বলেন।** "স্বাস্থ্যসেবা খাতে নেতৃত্ব দেওয়াটা নিউ ইয়র্কবাসীদের জন্য বেশ গুরুত্বপূর্ণ এবং এই তহবিল আরো অধিক শিক্ষার্থীদেরকে তাদের নিজস্ব মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার জন্য উচ্চ-মানসম্পন্ন অ্যাকাডেমিক প্রোগ্রাম এবং রিসোর্সগুলোর মাধ্যমে সফল হওয়ার জন্য প্রস্তুত করছে।"

স্টেট সিনেটর টবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "এই তহবিল স্বাস্থ্যসেবা খাতের কর্মীদের ক্রমবর্ধমান চাহিদা মোকাবেলায় বিনিয়োগের মাধ্যমে অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়তা করবে। অভিজ্ঞ কর্মীদের চাহিদা রয়েছে এবং প্রাক্কলিত ঘাটতি কমাতে সাহায্য করার প্রয়োজন রয়েছে এমন খাতগুলোতে SUNY কমিউনিটি কলেজগুলো শিক্ষার্থীদের অভিজ্ঞতা দান করার সুযোগ পাবে। সমস্ত নিউইয়র্কবাসী এ থেকে উপকৃত হবে।"

অ্যাসেম্বলিমেম্বার প্যাট্রিসিয়া ফাহি বলেন, "আমাদের কমিউনিটি কলেজগুলোতে বিনিয়োগ করা মানে নিউ ইয়র্ক জুড়ে আমাদের কমিউনিটি এবং শিক্ষার্থীদের সফলতায় বিনিয়োগ করা। আমি প্রথম-প্রজন্মের কলেজ গ্র্যাজুয়েট এবং উচ্চশিক্ষা অর্জনে আমার পথে কমিউনিটি কলেজ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল এবং প্রতি বছর, বিশেষ করে পিছিয়ে পড়া ও সুবিধাবঞ্চিত পরিবেশ থেকে আসা হাজার হাজার শিক্ষার্থীর জন্য এটি সম্ভাবনার দাড় উন্মোচন করে দেয়। এই বছরের তহবিল বৃদ্ধি হলো নিউ ইয়র্ক স্টেটে কমিউনিটি কলেজগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকার প্রতিফলন এবং আমি আমার সহকর্মী সিনেটর টবি অ্যান স্ট্যাভিস্কি এবং আরো অনেকের সাথে এই অগ্রগতি বজায় রাখার পাশাপাশি ভবিষ্যতে আরো অবদান রেখে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র কমিউনিটি কলেজগুলোতে SUNY ব্রুমের ডেকার হেলথ সায়েন্স সেন্টার (Decker Health Science Center)-এ গিয়ে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ নিশ্চিত করেছেন। SUNY ব্রুম প্রতি বছর — এই চলমান শিক্ষাবর্ষে 132 জন থেকে 2026-2027 শিক্ষাবর্ষের মধ্যে 192 জন শিক্ষার্থী — 45 শতাংশ বেশি শিক্ষার্থীকে শিক্ষাদানের জন্য তার নার্সিং শিক্ষা কার্যক্রমকে সম্প্রসারিত করতে এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যগত চাহিদার উপর ফোকাসকারী একজন কেস ম্যানেজার নিয়োগ করতে তার 450,000 মার্কিন ডলারের বরাদ্দ বিনিয়োগ করবে।

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "SUNY-এর কমিউনিটি কলেজগুলোতে স্টেটের বর্ধিত বিনিয়োগ শিক্ষার্থীদের উচ্চ-চাহিদার স্বাস্থ্যসেবা ব্যবস্থায় ক্যারিয়ার গঠনের জন্য প্রস্তুত করবে – গুরুতর ঘাটতি পূরণ করতে সাহায্য করবে – এবং শিক্ষার্থীদের সুস্থতা ও সাফল্য বাড়াতে মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোকে সম্প্রসারিত করবে। SUNY এবং আমরা যে শিক্ষার্থীদের শিক্ষাদান করি তাদের পাশাপাশি আমাদের সমগ্র স্টেটের সাফল্যে আমি গভর্নর হোকল এবং স্টেট আইনসভার ধারাবাহিক বিনিয়োগের জন্য তাদের প্রতি আমার কৃতজ্ঞতা জানাই।"

SUNY বোর্ডের ট্রাস্টি এরিক কর্নগোল্ড বলেন, "নিউ ইয়র্কের রোগীদের এবং ভবিষ্যত প্রজন্মের জন্য টেকসই, উচ্চ-মানসম্পন্ন পরিচর্যা নিশ্চিত করতে আমাদের অবশ্যই স্বাস্থ্যসেবায় নিয়োজিত কর্মশক্তির ঘাটতি কাটিয়ে উঠতে হবে। আমি SUNY বোর্ড অব ট্রাস্টির মেম্বার হিসেবে কাজ করতে পেরে গর্বিত কারণ আমরা আমাদের শিক্ষার্থীদের এবং আমাদের স্টেটকে প্রভাবিত করে এমন কিছু সবচেয়ে বড় সমস্যাগুলো মোকাবেলা করার জন্য সমাধান খুঁজতে থাকি।"

SUNY বোর্ডের ট্রাস্টি রবার্ট ডাফি বলেন, "গভর্নর হোকল এবং স্টেট আইনসভার কাছ থেকে চলমান আর্থিক সহায়তা নিশ্চিতের মাধ্যমে, আমরা স্বাস্থ্যসেবায় নিয়োজিত কর্মীদের অ্যাক্সেস বাড়ানোর উপায় খুঁজে বের করার পাশাপাশি ক্যাম্পাসের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাবলি মোকাবেলা করব, সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চ-মানসম্পন্ন, সাশ্রয়ী মূল্যের পাবলিক উচ্চ শিক্ষায় অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করব।"

SUNY ব্রুম কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট এবং ফিউচার অব হেলথকেয়ার ওয়ার্কফোর্স টাস্ক ফোর্সের মেম্বার টনি হকিন্স বলেন, "SUNY ব্রুম স্বাস্থ্যসেবায় নিয়োজিত স্টেট জুড়ে চিকিৎসা অবকাঠামোগুলোতে সমাজের সবচেয়ে প্রয়োজনীয় কিছু কাজ করা কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে একেবারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কলেজের অসামান্য এবং অত্যন্ত প্রতিযোগিতামূলক নার্সিং প্রোগ্রামগুলোতে অ্যাক্সেস পাওয়া সহ ভবিষ্যতে আরো নার্সিং শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য এবং শেষ পর্যন্ত চলমান স্বাস্থ্যসেবায় নিয়োজিত কর্মীর ঘাটতি দূর করতে সহায়তা করার জন্য আমরা SUNY সিস্টেমকে ধন্যবাদ জানাই। আমরা আমাদের মানসিক স্বাস্থ্যগত রিসোর্সগুলোকে সম্প্রসারিত করতে সক্ষম হওয়ার জন্য দৃঢ়ভাবে প্রশংসা করি, কারণ আমাদের কাছে আমাদের শিক্ষার্থীদের মানসিক এবং সামাজিক মানসিক সুস্থতার চেয়ে বড় কোনো অগ্রাধিকার নেই।"

অ্যাসেম্বলিমেম্বার ডোনা লুপার্দো বলেন, "আমাদের SUNY কমিউনিটি কলেজের নেটওয়ার্ক স্টেটের কর্মশক্তি উন্নয়ন উদ্যোগের ক্ষেত্রে একটি নিখুঁত মাধ্যম। স্বাস্থ্যসেবা এবং অন্যান্য গুরুত্বর ঘাটতির ক্ষেত্রে প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারিত করতে তারা সদা প্রস্তুত। এই নতুন অর্থায়ন SUNY ব্রুমের চমৎকার স্বাস্থ্যসেবা ভিত্তিক পাঠ্যক্রমকে সমর্থন করার পাশাপাশি শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্যগত রিসোর্সও নিশ্চিত করবে। আমি আমাদের কমিউনিটি কলেজের গুরুত্ব তুলে ধরে আজ আমাদের সাথে সময় কাটানোর জন্য চ্যান্সেলর কিংকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার জো অ্যাঞ্জেলিনো বলেন, "স্বাস্থ্যসেবা খাতের কর্মীর ঘাটতি নিউ ইয়র্কের সবাইকে কষ্ট দেয়, এই খাতে আরো বেশি লোককে আকৃষ্ট করতে আমাদেরকে আমাদের সক্ষমতা অনুযায়ী সবকিছু করতে হবে। আমাদের তরুণদের যুক্ত করার জন্য পর্যাপ্ত বিনিয়োগ করাই হলো রিসোর্সের প্রকৃত সদ্ব্যবহার। তারা সারা দেশে এবং নিউ ইয়র্কে মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলা করছে দেখে আমি খুবই উচ্ছ্বসিত।"

<u>স্বাস্থ্যসেবা খাতের কর্মশক্তিতে বিনিয়োগ</u>

গভর্নর হোকলের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য পূরণে স্বাস্থ্য খাতের কর্মীদের ঘাটতি মোকাবেলায় সমাধান খুঁজে বের করার লক্ষ্যে, SUNY "ফিউচার অব হেলথ কেয়ার ওয়ার্কফোর্স টাস্ক ফোর্স (Future of Health Care Workforce Task Force)" গঠন করে যা স্বাস্থ্য খাতের পেশায় নিয়োজিত SUNY-এর শিক্ষামূলক সক্ষমতা বৃদ্ধি, স্বাস্থ্য খাতে আগ্রহী শিক্ষার্থীদের জন্য পাথওয়ে ও পাইপলাইন শক্তিশালীকরণ এবং স্বাস্থ্য খাতের শিল্পের চাহিদার সাথে তাল মিলিয়ে শিক্ষাকে উদ্ভাবনী এবং সংযুক্তকরণের দিকে মনোযোগী করে তোলে।

প্রতিটি ক্যাম্পাস 5 মিলিয়ন মার্কিন ডলারের পুনরাবৃত্তমূলক স্বাস্থ্যসেবা খাতের কর্মশক্তি বিনিয়োগ থেকে 75,000 মার্কিন ডলারের ন্যূনতম অনুদান সহ সর্বাধিক 350,000 মার্কিন ডলারের পর্যন্ত পাবে যা SUNY-এর কমিউনিটি কলেজগুলোকে নিম্নোক্তভাবে সাহায্য করবে:

- ফ্যাকাল্টি নিয়োগ এবং নতুন স্বাস্থ্যসেবা কর্মসূচি সম্প্রসারিত বা প্রতিষ্ঠা করা;
- সিমুলেশন স্পেস আধুনিক করা;
- অন্যান্য SUNY ক্যাম্পাস ভিত্তিক স্বাস্থ্যগত প্রোগ্রামের পাশাপাশি নতুন অংশীদারিত্ব/পাথওয়ে প্রতিষ্ঠা করা এবং
- হাই স্কুল, স্থানীয় সংস্থা, BOCES এবং ক্যাম্পাস-নিয়োগকর্তা ভিত্তিক অংশীদারিত্ব সহ ক্যাম্পাস এবং তারা যে কমিউনিটিগুলোতে সেবাদান করে তাদের মধ্যে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করা।

মানসিক স্বাস্থ্য খাতে বিনিয়োগ

সারা দেশে এবং SUNY জুড়ে কলেজের অনেক শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য খাত একটি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। 2023 সালের বার্ষিক ন্যাশনাল হেলদি মাইন্ডস সার্ভে যেটি কলেজ শিক্ষার্থীদের নিয়ে সার্ভে করে, তারা রিপোর্ট করেছে যে শিক্ষার্থীরা যথাক্রমে 41 শতাংশ এবং 36 শতাংশ হারে বিষণ্নতা ও উদ্বেগে ভোগে। প্রায় দুই-তৃতীয়াংশ SUNY কমিউনিটি কলেজে বর্তমানে কাউন্সেলিং সেন্টার রয়েছে এবং কিছু কিছু সেন্টার মানসিক স্বাস্থ্যসেবামূলক প্রতিবন্ধকতা দূর করতে এবং মানসিক স্বাস্থ্য কর্মীদের স্থানীয় অভাব পূরণ করতে টেলি-কাউন্সেলিং পরিষেবা ব্যবহার করে।

প্রতিটি কমিউনিটি কলেজ 3 মিলিয়ন মার্কিন ডলারের মানসিক স্বাস্থ্য খাতের বিনিয়োগ থেকে উল্লেখিত ক্ষেত্রে বছরে 100,000 মার্কিন ডলার পাবে:

- নতুন মানসিক স্বাস্থ্য সেবাদানকারী এবং কর্মী নিয়োগ করা;
- ভার্চুয়াল টেলি-হেলথ কাউন্সেলিং ব্যবস্থা নতুনভাবে বা সম্প্রসারিত করা;
- কর্মশক্তি উন্নয়ন এবং/অথবা কলেজ থেকে ক্যারিয়ার ট্রানজিশন প্রোগ্রামিং এ এম্বেড করা সুস্থতামূলক উদ্যোগ নিশ্চিত করা;
- মানসিক স্বাস্থ্য সহায়তা চাওয়াকে কলঙ্কমুক্ত করার উদ্যোগ বিকাশ বা উন্নত করা।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম সমন্বিত ব্যবস্থা এবং সকল নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-এর 64টি কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laborator) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট

প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। 2023 অর্থবছরে পুরো সিস্টেমের গবেষণার ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে শিক্ষার্থী ও অনুষদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন